



“রিকোয়েস্ট ফর কোটেশন”

-ঃ নোটিশ ঃ-

প্রধান প্রকৌশলীর দপ্তর,
ঢাকা বিশ্ববিদ্যালয়,
ঢাকা-১০০০

নিম্নে বর্ণিত কাজের জন্য “Request for Quotation Method-এ” অনুরূপ কাজের অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারদের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছে। কোটেশন সমূহ আগামী ০৭/১২/২০২১ তারিখ দুপুর ১২.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত টেন্ডার বাঞ্চে ফেলা যাইবে এবং ঐদিনই দুপুর ১২.৩০ মিনিটের সময় কোটেশন দাতাদের মধ্যে যদি কেহ উপস্থিত থাকিতে চাহেন তাহাদের সন্মুখে **Tender Opening Committee** কর্তৃক পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন অফিস কক্ষে খোলা হইবে। আর্থী ঠিকাদারগণ কোটেশনের দিন ছাড়া সকল কার্য দিবসে প্রধান প্রকৌশলীর অফিস হইতে সিডিউল, নোটিশ ও শর্তাবলী ইত্যাদি (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করিতে পারিবেন। কোটেশন দাখিলের সময় হাল নাগাদ ট্রেড লাইসেন্স, হাল নাগাদ আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশন ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট জমা দিতে হবে। কাজের পূর্ণ বিবরণ নিম্নে দেওয়া হইল।

ক্রঃ নং	কাজের নাম	কাজ সম্পাদনের সময় সীমা
১।	ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের লক্ষ্যে সৌন্দর্য বর্ধনের অংশ হিসাবে প্রশাসনিক ভবনের দক্ষিণ দিকের বাউন্ডারী দেওয়াল মেরামত ও রং করণ এবং মাননীয় উপাচার্য, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন), প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) ও কোষাধ্যক্ষ মহোদয়ের গাড়ী রাখার স্থান পাকা করণসহ প্রয়োজনীয় মেরামত কাজ।	১৫ দিন।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন বা উহার অংশ বিশেষ বাতিল বা গ্রহণ করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সংরক্ষিত থাকিবে এবং কর্তৃপক্ষের রায়ই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোটেশনে অংশ গ্রহনকারী ঠিকাদারকে খামের উপর “কোটেশন” কথাটি লিখিয়া কাজের নাম ও তাহাদের ফার্মের নাম স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

(মোঃ গিয়াস উদ্দীন আইমেদ)
নির্বাহী প্রকৌশলী-৩/২
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং: ২০২৫(৬) / প্রকৌঃ

তারিখ ঃ ২৪/১১/২০২১ ইং
২৪/১১/২০২১ ইং

১. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাঃ বিঃ --- আহবায়ক।
 ২. প্রিন্সিপাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের দপ্তর, ঢাঃ বিঃ -সদস্য।
 ৩. নির্বাহী প্রকৌশলী, জোন-৩, ঢাঃ বিঃ --- সদস্য সচিব।
- উপরে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন খোলার জন্য পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাঃ বিঃ এর অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল ঃ-

৪. প্রধান প্রকৌশলী, ঢাঃ বিঃ।
৫. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাঃ বিঃ- নোটিশ ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সার্কেল-২), ঢাঃ বিঃ।
৭. প্রিন্সিপাল স্টোর অফিসার, কোষাধ্যক্ষের অফিস, ঢাঃ বিঃ। - মাননীয় কোষাধ্যক্ষের সদয় অবগতির জন্য।
৮. নোটিশ বোর্ড, প্রকৌশল দপ্তর, ঢাঃ বিঃ।

(মোঃ গিয়াস উদ্দীন আইমেদ)
নির্বাহী প্রকৌশলী-৩/২,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

২৪/১১/২১